



ইসলামিক ফাউন্ডেশন

প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় সিদ্ধান্ত-
বাংলাদেশের আকাশে কোথাও রবিউস সানি মাসের চাঁদ দেখা যায়নি
আগামী ২৯ নভেম্বর শুক্রবার থেকে রবিউস সানি মাস শুরু
আগামী ৯ ডিসেম্বর সোমবার ফাতেহা-ই-ইয়াজদাহম

ঢাকা, বুধবার, ২৭ নভেম্বর ২০১৯ ॥


বাংলাদেশের আকাশে আজ কোথাও ১৪৪১ হিজরি সনের রবিউস সানি মাসের চাঁদ দেখা যায়নি। ফলে আগামীকাল ২৮ নভেম্বর বৃহস্পতিবার রবিউল আউয়াল মাস ৩০ দিন পূর্ণ হবে এবং আগামী ২৯ নভেম্বর শুক্রবার থেকে রবিউস সানি মাস গণনা করা হবে। প্রেক্ষিতে, আগামী ৯ ডিসেম্বর সোমবার ফাতেহা-ই-ইয়াজদাহম পালিত হবে।

আজ সন্ধ্যায় ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মুকাররমস্থ সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। এতে সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব কাজী হাসান আহমেদ।

সভায় মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্মসচিব ড. মোঃ মুশফিকুর রহমান, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্মসচিব মোঃ জহির আহমদ, ইসলামিক ফাউন্ডেশনের সচিব কাজী নুরুল ইসলাম, বাংলাদেশ টেলিভিশনের পরিচালক (প্রশাসন/অর্থ) মোঃ জহিরুল ইসলাম মিয়া, সিনিয়র উপ প্রধান তথ্য কর্মকর্তা মোঃ জসীম উদ্দিন, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠানের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা শাহ মোঃ মিজানুর রহমান, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ আবদুর রহমান, ঢাকা আলিয়া মাদ্রাসার উপাধ্যক্ষ মুহাম্মাদ আবদুর রশীদ, বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম হাফেজ মাওলানা মুহাম্মাদ মিজানুর রহমান, চকবাজার শাহী জামে মসজিদের খতিব মাওলানা শেখ নাসিম রেজওয়ান ও লালবাগ শাহী জামে মসজিদের খতিব মুফতি মুহাম্মাদ নেয়ামতুল্লাহ প্রমুখ উপস্থিত ছিলেন।

সভায় ১৪৪১ হিজরি সালের রবিউস সানি মাসের চাঁদ দেখা সম্পর্কে সকল জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশন-এর প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য নিয়ে পর্যালোচনা করে দেখা যায় যে, আজ ২৯ রবিউল আউয়াল ১৪৪১ হিজরি, ১২ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ, ২৭ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ বুধবার সন্ধ্যায় বাংলাদেশের আকাশে কোথাও রবিউস সানি মাসের চাঁদ দেখা যাওয়ার সংবাদ পাওয়া যায়নি। এমতাবস্থায়, আগামীকাল ১৩ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ, ২৮ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ বৃহস্পতিবার রবিউল আউয়াল মাস ৩০ দিন পূর্ণ হবে এবং আগামী ১৪ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ, ২৯ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ শুক্রবার থেকে ১৪৪১ হিজরি সনের রবিউস সানি মাস গণনা শুরু হবে।

প্রেক্ষিতে, আগামী ১১ রবিউস সানি ১৪৪১ হিজরি, ২৪ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ, ৯ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ সোমবার ফাতেহা-ই-ইয়াজদাহম উদযাপিত হবে।


২৭.১১.১৯

(মুহাম্মদ নিজাম উদ্দিন)

সহকারী পরিচালক, জনসংযোগ

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৭২০০৪০৪৩২